ভারি বৃষ্টি ও উজানের ঢলে পানিবন্দি ৫০ হাজার মানুষ

ভারি বর্ষণ ও উজানের ঢলে কুড়িগ্রামের নদ-নদীর পানি বৃদ্ধি অব্যাহত রয়েছে। তিস্তা ও ধরলা নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় শতাধিক চর ও নদীসংলগ্ন গ্রাম প্লাবিত হয়েছে। পানিবন্দি হয়ে পড়েছে ৫০ হাজার মানুষ। ঘর-বাড়িতে পানি ওঠায় অনেকেই রাস্তা ও বাঁধের ওপর আশ্রয় নিতে শুরু করেছেন।

এদিকে পানি বৃদ্ধি পেয়ে নদ-নদীর অববাহিকার নিম্নাঞ্চল ও চরাঞ্চলগুলোতে পানি ঢুকে পড়ায় দুশ্চিন্তায় পড়েছে চরাঞ্চল ও নদ-নদীর তীরবর্তী এলাকার মানুষ। প্রথম দফা বন্যার পানি নেমে যেতে না যেতেই আবারও বন্যার কবলে পড়ে চরম দুর্ভোগে পড়েছে তারা।

ধরলার পানি অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় রাজারহাট উপজেলার ছিনাই ইউনিয়নের কালুয়ার চর ও সদর উপজেলার সারডোব বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ভাঙনের ঝুঁকিতে পড়েছে। একইভাবে তিস্তার ভাঙনে দলদলিয়া ইউনিয়নের সরদারপাড়ায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ভাঙনের কবলে পড়েছে।

পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. আরিফুল ইসলাম জানিয়েছেন, জেলায় ১৯টি পয়েন্টে ভাঙন তীব্র রূপ নিয়েছে। এর মধ্যে ১১টি পয়েন্টে জরুরি ভিত্তিতে বালুভর্তি জিও ব্যাগ ফেলে ভাঙন ঠেকানোর চেষ্টা চলছে।

জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম জানান, বড় বন্যার আশঙ্কায় মানুষের আশ্রয়স্থল হিসাবে স্কুল এবং আবাসনগুলোকে প্রস্তুত রাখা এবং বন্যাকবলিত এলাকার মানুষকে উদ্ধারে নৌকা প্রস্তুত রাখার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং স্থানীয় চেয়ারম্যান-মেম্বারদের নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া প্রয়োজনীয় ত্রাণসামগ্রী মজুদ করা হয়েছে।

পরিবারের সাত সদস্যসহ চবির ভিসি করোনায় আক্রান্ত

পরিবারের সাত সদস্যসহ চবির ভিসি করোনায় আক্রান্ত
ভিসি অধ্যাপক ড. শিরীন আখতার। ফাইল ছবি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ভিসি অধ্যাপক ড. শিরীন আখতার ও তার মেয়েসহ পরিবারের সাত সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। আক্রান্ত সাতজনের মধ্যে ভিসির নাতি-নাতনি ও তার বাসভবনের কর্মচারীরা রয়েছেন।

শনিবার রাতে ভিসি নিজেই যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

ভিসি জানান, শনিবার সন্ধ্যায় তিনিসহ তার পরিবারের সাতজনের করোনা পজিটিভ রিপোর্ট আসে। বর্তমানে তিনি ও পরিবারের আক্রান্ত সদস্যরা চট্টগ্রামের বাসায় রয়েছেন। তাদের সবার শারীরিক অবস্থা ভালো। ভিসি সবার কাছে সুস্থতার জন্য দোয়া চেয়েছেন।

যুগান্তর রিপোর্ট

মেহেরপুরের গাংনীতে মা-ছেলে করোনায় আক্রান্ত

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুরে মা-ছেলে দুজনেই করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে। শনিবার ১ বছর বয়সের শিশু পুত্র আবির হোসেন ও তার মা মিম আরার (২১) করোনা পজিটিভ রিপোর্ট আসে।

শনিবার সন্ধ্যা ৬ টায় এ তথ্য নিশ্চিত করেছেন মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। এ নিয়ে জেলায় ১শ’ জন করোনা রুগী সনাক্ত হলো।

সিভিল সার্জন জানান,কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৪টি নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। এর মধ্যে ৩টি করোনা পজেটিভ ও ১টি

নেগেটিভ। আক্রান্তরা হলেন,সাহেবনগর গ্রামের জাহিদুল ইসলাম (ফলোআপ),তার স্ত্রী মিমআরা ও ছেলে আবির হোসাইন।
গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: রিয়াজুল আলম জানান,জাহিদুল ইসলাম সম্প্রতি করোনা আক্রান্ত হয়। পুনরায় তার নমুনা পরীক্ষার জন্য ল্যাবে পাঠানো হলে সেখান থেকে করোনা পজেটিভ বলে নিশ্চিত করে।এছাড়া জাহিদুল ইসলামের কাছ থেকে তার স্ত্রী ও সন্তান করোনা সংক্রামিত হয়েছে বলে ধারনা করা হচ্ছে।

তিনি আরো বলেন,স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে করোনা আক্রান্তদের সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে। কাউকে আতংকিত না হয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানিয়েছেন তিনি। মেহেরপুর জেলায় এ পর্যন্ত নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে ২ হাজার ৫৪টি। এর মধ্যে ১শ’জন করোনা পজেটিভ। মৃত ৬। সুস্থ্য ৫৭।

মেহেরপুরে জনতার হাতে ব্যাটারী চোর আটক, পুলিশে সোপর্দ

মেহেরপুরের আলিফ খান (২৫) নামের এক ব্যাটারী চোরকে আটক করেছে জনতা। সদর উপজেলার বামনপাড়াতে অটোরিকশার ব্যাটারী চুরির সময় জনগনের হাতে ধরা পড়ে। এসময় আলিফকে গনধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে স্থানীয় জনগন। মেহেরপুর সদর থানার এসআই শরিফ হাবিবুর রহমান ঘটনাস্থলে গিয়ে আলিফকে থানায় নিয়ে আসে।

আলিফ খান সদর উপজেলার বামনপাড়ার সাগর খানের ছেলে।

এস আই শরিফ হাবিবুর রহমান জানান, ব্যাটারী চোর ধরার খবর পেয়ে আমরা সেখানে গিয়ে আলিফকে থানায় নিয়ে আসি। বর্তমানে আলিফ থানা কাস্টডিতে আছে । আগামীকাল তাকে আদালতে সোপর্দ করা হবে।

মেপ্র/এমএফআর

শীঘ্রই উদ্বোধন “মিয়া ভাই” এগ্রো লিমিটেডের

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুরে অবস্থিত “মিয়া ভাই” এগ্রো লিমিটেডের শীঘ্রই উদ্বোধন হতে যাচ্ছে। মিয়া ভাই এগ্রো লিমিটেডের চেয়ারম্যান এম এ এস ইমন এমনটি নিশ্চিত করে বলেন, খুব শীঘ্রই শুভ উদ্বোধন করা হবে। ইতিমধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। মেহেরপুরে নতুন কর্মসংস্থান এর সৃষ্টি হবে বলে আশা করছেন তিনি।

জেলার সর্ববৃহৎ গবাদিপশু খামার, একুরিয়াম ফিসসহ কৃষি ভিত্তিক বিভিন্ন পরিকল্পনা করা হয়েছে এই এগ্রো ফার্মকে ঘিরে । সেই সাথে, মাংস, দুধ, ঘি প্রক্রিয়াজাত করণ করা হবে।

মিয়া এগ্রো লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর শরিফ রেজা পান্না বলেন, মেহেরপুরের চাহিদা পূরন করে দেশের বাজারে “মিয়া ভাই” পন্য জনপ্রিয়তা লাভ করবে। সেই মেহেরপুরে বেকার সমস্যা দুর করনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মেপ্র/এমএফআর

প্রিয় মেহেরপুর গ্রুপের মাস্ক বিতরণ।

প্রিয় মেহেরপুর গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল, আরোহীদের মধ্যে পাঁচ’শ মাস্ক বিতরণ করা হয়।

শনিবার সকালে মেহেরপুর জেলার গাংনী উপজেলায় খালিদ হাসান মাস্ক বিতরণ কর্মসূচী শুভ উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আজ আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে ১০০০ হাজার মাস্ক বিতরণ করেছে মেহেরপুর গুরুপ ।

এসময় উপস্থিত ছিলেন সাজুল, আকাশ শাহজাদা, সোহান,তহির,,দিপু,মুন্না,রাসেল,ফয়সাল সহ গুরুপের সদস্যবৃন্দ।

শৈলকুপায় স্ত্রীকে ঘুমের ট্যাবলেট খাওয়া দেখে স্বামীর বিষপানে আত্মহত্যা

ঝিনাইদহের শৈলকুপায় স্ত্রীকে ঘুমের ট্যাবলেট খাওয়া দেখে স্বামী সাইফুল ইসলাম (৬৫) বিষপান করে আত্মহত্যা করেছে।
শুক্রবার (১০ জুলাই) রাত ১২টার দিকে পৌর এলাকার বালিডাঙ্গা গ্রামে এঘটনা ঘটে। নিহত ব্যক্তি মাগুরার শ্রীপুর উপজেলার ছাচিলাপুর গ্রামের মৃত মইজদ্দি শেখের ছেলে। তিনি পেশায় একজন ভ্যানচালক ও বালিডাঙা গ্রামের মৃত আইন মন্ডলের জামাই।

নিহতের মেয়ে মেরিনা খাতুন জানান, মায়ের সাথে পারিবারিক কলহের জের ধরে বাবার সাথে ঝগড়া হয়। এরই সূত্র ধরে রাত আনুমানিক রাত ১২টার দিকে বাবা আগে বিষপান করে। পরে বাবার দেখাদেখি মাও অভিমান করে বিষপান করে। এসময় স্থানীয়রা টের পেয়ে তাদেরকে উদ্ধার করে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। চিকিৎসাধিন অবস্থায় বাবা মারা যায়।

শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম বিষয়টি নিশ্চিত করে জানান, স্বামী-স্ত্রীর মধ্যে কলহের জের ধরে স্ত্রী আগে ঘুমের ট্যাবলেট খায়। এরপর বিষপান করে স্বামীর মৃত্যূ হয়।

মেহেরপুরে তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে তিনজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। শনিবার দুপুরে সদর থানার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার হরিরামপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো , ইছাখালী গ্রামের জমসের আলীর ছেলে আলমগীর (২৪) , ঝাঁঝাঁ গ্রামের মৃত চটু সরদারের ছেলে ইমরান (২৬), গোভীপুর গ্রামের ফেরদৌস আলীর ছেলে ইবনে আবু সুফিয়ান (২৪)।

এস আই রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজকেই তাদের আদালতে সোপর্দ করা হবে।

মেপ্র/এমএফআর

দেশে করোনায় আরও ৩০ মৃত্যু, শনাক্ত ২৬৮৬

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ৩০৫ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৬৮৬ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৮১ হাজার ১২৯ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬২৮ জন এবং মোট সুস্থ ৮৮ হাজার ৩৪ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানান।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ১১ হাজার ৪৭৫টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১১ হাজার ১৯৩টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৬৮৬ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৮১ হাজার ১২৯ জন।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২২ দশমিক শূন্য শতাংশ।

ডা. নাসিমা জানান, গত ২৪ ঘণ্টায় ৩০ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ২৫ জন ও নারী ৫ জন। এ নিয়ে মোট মারা গেলেন ২ হাজার ৩০৫ জন।

এ পর্যন্ত যারা মৃত্যুবরণ করেছেন তাদের মধ্যে পুরুষের সংখ্যা এক হাজার ৮২৪ জন আর নারী ৪৮১ জন।

তিনি আরও জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬২৮ জন। এ পর্যন্ত সুস্থ ৮৮ হাজার ৩৪ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪৮ দশমিক ৬০ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৭ শতাংশ।

স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক জানান, বয়স বিভাজনে ৩১-৪০ বছরের মধ্যে ৩ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ৮ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১২ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৩ জন এবং ৮১-৯০ বছরের একজন মারা গেছেন।

ডা. নাসিমা আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ১৩ জন, চট্টগ্রামে ১০ জন, রাজশাহীতে ৩ জন, খুলনায় ৩ জন এবং রংপুরে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ১৮ জন ও বাড়িতে ১১ জন মারা গেছেন। এছাড়া হাসপাতালে মৃত অবস্থায় এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

মেহেরপুরে ইউনিয়ন আ’লীগের সভাপতির বহিস্কারের দাবিতে সাধারণ সম্পাদকের সংবাদ সম্মেলন

মেহেরপুরে কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইদ্রিস আলীকে বহিস্কারের দাবিতে সংবাদ সম্মেলন করেছে সাধারণ সম্পাদক বাবুল আক্তার। শনিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এই সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে তিনি বলেন, গত ৯ জুলাই বৃহস্পতিবার কুতুবপুর ইউনিয়ন পরিষদে দুস্থদের মধ্যে ত্রান বিতরণ করা হচ্ছিল। যেখানে উপজেলা নির্বাহী কর্মকর্তার আদেশক্রমে একটি বাড়ি একটি খামারের প্রতিনিধিসহ স্থানীয় বেশ কয়েকজন জনপ্রতিনিধি উপস্থিত ছিল।

এমতাবস্থায় সুবিধাভোগী কুতুবপুর ৯ নং ওয়ার্ডের বাসিন্দা আজিজুর রহমানের ছেলে ফুরকান আলী, বায়তুল্লাহর ছেলে সাইফুল, আব্দুল গণির ছেলে মিয়ারুল, মৃত ফইমদ্দিনের ছেলে আমিনুল, মৃত কাদের বক্স এর ছেলে হাফিজুল, আজিজুর এর ছেলে হাবিবুর,আবু শ্যামা এর ছেলে কালাম, জয়নালের ছেলে নাজিরুল, কারিমল এর ছেলে ইলাহী, মৃত আক্কাছ আলীর ছেলে মিনারুল মোট দশজন ত্রারনের চাল নিতে উজলপুর গ্রামের অবস্থিত কুতুবপুর ইউনিয়ন পরিষদে আসেন।

এসময় কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইদ্রিস আলী তার নিজস্ব ক্যাডার বাহিনী দিয়ে মারধর করে উক্ত দশজন দুস্থদের চাল ছিনিয়ে নেয়। ছিনতাই কারীদের মধ্যে ছিল, কায়েম বিশ্বাসের ছেলে জাকির, মৃত হারান মন্ডলের ছেলে তোফাজ্জেল, মৃত হুরমত আলীর ছেলে হুমায়ন, লালচাদ, সহিদুল ফকির এর ছেলে রাজিবুলসহ অজ্ঞাত আরও বেশ কয়েকজন।

সেখানে মেহেরপুর ১ আসনের সাংসদ প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর ত্রান প্রতিনিথি হিসেবে আমি বাবুল আক্তার উপস্থিত ছিলাম। চাল ছিনতায়ের প্রতিবাদ করায় ইদ্রিস আলী তার ক্যাডার বাহিনী দিয়ে আমার উপরেও আক্রমন চালায়। এর আগেও সে বিভিন্ন সময় তার ক্যাডার বাহিনী

দিয়ে আমাকে লাঞ্চিত করার চেষ্টা করেন। তাই ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃবৃন্দের পক্ষ থেকে আমি সভাপতি ইদ্রিস আলীকে বহিস্কারের দাবি জানাচ্ছি।

সংবাদ সম্মেলনে আরও বক্তব্য দেন কুতুবপুর ইউনিয়নের ৯ নং ওয়ার্ড ইউপি সদস্য আবুল কাসেম। এসময় ভুক্তভোগী দশজন সহ জেলা প্রেস ক্লাবের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর